

## হিমালয়-দর্শনে ।

বিধাতার অপরূপ সৃষ্টি !

তোমা পানে করে দৃষ্টি  
ভরে গেছে মোর দেহ প্রাণ মন ;  
আনন্দের একি শিহরণ ।

এত সুন্দর তুমি !

দেবতার পুণ্য লীলা ভূমি  
দিগ্দিগন্ত প্রসারিয়া—

আছ দাঁড়াইয়া ।

ওগো হিমালয়,

তোমাতে হেরিয়া মনে লাগে বিস্ময় ;

অতি উচ্চ তব শির

ওহে যুধিষ্ঠির,

ভেদিয়া আকাশ

দ্রষ্টার প্রাণে মনে জাগাইছে ত্রাস ।

অপরূপ তব রূপ

হে বিরাট নগ ভূপ

একবার হেরেছে যে জন

ভুলিতে সে রূপ তব পারেনি কখন ।

তুষার মণ্ডিত তব শিরে

প্রভাতে রবির কর পড়ে যবে ধীরে,

কি সে শোভা হয়

ওগো হিমালয়,

কি আনন্দ হয় প্রাণে মনে

ভাষায় বর্ণিব কেমনে ?

মধ্যাহ্নে মার্গণ্ড যবে মাথার উপর  
 তখনও ত্বরূপ কত মনোহর ।  
 অস্তগামী রূপ-কর আসি যবে পড়ে  
 তোমার ধবল শীর্ষ পরে  
 কত শোভা হয় তায়  
 যে দেখেছে সেই ভুলে যায়  
 ভাষ্যহারা হয়ে  
 থাকে শুধু চেয়ে ।  
 হে সুন্দর নগ অধিরাজ  
 দিবসের প্রতিফলে তব শোভা সাজ  
 হরে লয় মানবের মন ;  
 তাই নর-নারীগণ  
 ছুটে আসে দেশান্তর হতে ।  
 আমারও অন্তরখানি দিয়েছ ভিত্তিয়ে  
 অনন্ত সৌন্দর্য্য তব দিয়ে ;  
 তোমায় করি গো নমস্কার  
 হে বিরাট শোভাময় সৃষ্টি বিধাতার ।

শ্রীবলাই চাঁদ কুণ্ডু বি, এ,  
 ষষ্ঠ বার্ষিক শ্রেণী ।